

এইচএসসির নির্বাচনী পরীক্ষা ফরম পূরণের তারিখ ঘোষণা

নিজস্ব প্রতিবেদক

২৭ নভেম্বর ২০২৫, ০৮:১১ এএম



২০২৬ সালের এইচএসসি পরীক্ষার নির্বাচনী পরীক্ষার ফল প্রকাশ ও ফরম পূরণের তারিখ ঘোষণা করেছে ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড। ঘোষণা অনুযায়ী সব কলেজকে আগামী ২৬ ফেব্রুয়ারির মধ্যে নির্বাচনী পরীক্ষার ফল প্রকাশ করতে হবে। আর ১ মার্চ থেকে অনলাইনে ফরম পূরণ শুরু হবে। গতকাল বুধবার ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক মো. কামাল উদ্দিন হায়দারের স্বাক্ষর করা ‘অতীব জরুরি’ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। ঢাকা বোর্ডের ঘোষিত এ তারিখই সবগুলো বোর্ড অনুসরণ করে থাকে।

বিজ্ঞপ্তিতে বলা হয়।^N উচ্চমাধ্যমিক পর্যায়ে সব প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্টদের জানানো যাচ্ছে যে, ২০২৬ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক শিক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষা শেষে ফলাফল আগামী ২৬ ফেব্রুয়ারির মধ্যে প্রকাশ করতে হবে।

আগামী ১ মার্চ থেকে এইচএসসি পরীক্ষার ফরম পূরণ শুরু হবে। ফরম পূরণের সময়সূচি, পরীক্ষার ফিসহ অন্যান্য বিষয় পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি যথাসময়ে ঢাকা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।